LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

সোমবার ১৯ই জুন ২০১৭ ইং

ই-টিআইএন ছাড়া কোনো আর্থিক সেবা নয়

সেলফোনে টাকা রিচার্জ ও মোবাইল ব্যাংকিংয়ের এজেন্সি স্বল্পপুঁজির মানুষের জনপ্রিয় ব্যবসা। সারা দেশেই বিচ্ছিন্নভাবে গড়ে উঠেছে বিভিন্ন কোম্পানির পণ্য সরবরাহে এজেন্সি বা শোরুমকেন্দ্রিক ব্যবসাপ্রতিষ্ঠান। এসব আর্থিক সেবা প্রদানকারীদের হিসাবের মধ্যে আনার উদ্যোগ নিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। এর অংশ হিসেবে আগামী অর্থবছর থেকে সব ধরনের আর্থিক সেবায় ইলেকট্রনিক কর শনাক্তকারী নম্বর (ই-টিআইএন) বাধ্যতামূলক করা হচ্ছে। ই-টিআইএন ছাড়া প্রতিষ্ঠানের কমিশন ব্যয় গ্রহণ করবে না এনবিআর।আয়কর অধ্যাদেশ ১৯৮৪-এর ১৮৪(এ) ধারা সংশোধন করে আর্থিক সেবা ও কমিশন ব্যবসায় ১২ অংকের ই-টিআইএন নম্বর নেয়া বাধ্যতামূলক করা হয়েছে। এনবিআরের একজন ডেপুটি কমিশনার পদমর্যাদার কর্মকর্তার কাছ থেকে এ সনদ নিতে হবে। তবে সনদ নিলেও করযোগ্য আয় না হলে প্রতি বছর রিটার্ন জমা দেয়ার প্রয়োজন হবে না। মূলত করজাল বিস্তৃতি ও আর্থিক সেবাকে কমপ্লায়েন্সের মধ্যে আনতে এ উদ্যোগ নেয়া হয়েছে বলে জানান এনবিআর কর্মকর্তারা।http://bonikbarta.net

সেন্ট্রাল কাউন্টার পার্টির মূলধন হবে ৩০০ কোটি টাকা

দেশের দুই স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সব সিকিউরিটিজের (শেয়ার, মিউচুয়াল ফান্ড, বন্ড, ডিবেঞ্চার প্রভৃতি) লেনদেন নিষ্পত্তির (সেটেলমেন্ট) জন্য স্বতন্ত্র ক্লিয়ারিং ও সেটেলমেন্ট ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে একটি সেন্ট্রাল কাউন্টার পার্টি (সিসিপি) গঠনের উদ্যোগ নিয়েছে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। চলতি বছরের এপ্রিলে বিএসইসি ক্লিয়ারিং ও সেটেলমেন্ট বিধিমালার খসড়া প্রকাশ করে এবং স্টেক হোল্ডারদের মতামত আহ্বান করে। স্টেক হোল্ডারদের মতামতের পরিপ্রেক্ষিতে বেশকিছু গুরুত্বপূর্ণ পরিবর্তন সাপেক্ষে বিধিমালাটি চূড়ান্ত করেছে কমিশন। ১৩ জুন বাংলাদেশ গেজেটে বিধিমালাটি প্রকাশিত হয়েছে।চূড়ান্ত বিধিমালায় ডিমিউচুয়ালাইজড স্টক এক্সচেঞ্জের মতো সিসিপিতেও কৌশলগত বিনিয়োগকারীর ওপর গুরুত্বারোপ করা হয়েছে। তবে এক্ষেত্রে কৌশলগত বিনিয়োগকারীকে অবশ্যই বিদেশী কোনো প্রতিষ্ঠান হতে হবে, যাদের সিসিপি, এক্সচেঞ্জ বা আর্থিক প্রতিষ্ঠান সংক্রান্ত কার্যক্রমের অভিজ্ঞতা রয়েছে।http://bonikbarta.net

জিরো কুপন বন্ড ইস্যু করবে এনভয় টেক্সটাইলস

জিরো কুপন বন্ড ইস্যু করার সিদ্ধান্ত নিয়েছে এনভয় টেক্সটাইলস লিমিটেডের পরিচালনা পর্ষদ। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে জানা গেছে, বাজারে বন্ড ছেড়ে ১২২ কোটি ৪২ লাখ ৪০ হাজার টাকা সংগ্রহ করবে প্রতিষ্ঠানটি। মেয়াদ শেষে অভিহিত মূল্য হিসেবে বিনিয়োগকারীদের ফেরত দেয়া হবে ১৫০ কোটি টাকা।বন্ডের বৈশিষ্ট্য সম্পর্কে জানা গেছে, নন-কনভার্টেবল এ বন্ডটি মেয়াদ শেষে সম্পূর্ণ অবসায়নযোগ্য। অর্থাত্ বন্ডকে কোম্পানির শেয়ারে রূপান্তর করা হবে না। শুধু প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বন্ড বিক্রি করা হবে।ছয় মাস থেকে পাঁচ বছর পর্যন্ত মেয়াদে (ছয় মাস ব্যবধানে) বন্ড ইস্যু করা হবে। একজন বিনিয়োগকারীকে ৭ দশমিক ৭৫ শতাংশ ডিসকাউন্টেড রেটে আনুপাতিক হারে প্রতিটি মেয়াদের বন্ড কিনতে হবে। মেয়াদ শেষে প্রতিটি বন্ডের বিনিয়োগকারী অভিহিত মূল্য ফেরত পাবেন।অর্থাত্ কোনো বিনিয়োগকারী ৯২ টাকা ২৫ পয়সায় একটি বন্ড কিনলে এক বছর পর ১০০ টাকা ফেরত পাবেন। এক সেট বন্ডের মধ্যে প্রথমটির মেয়াদ পূর্ণ হবে ছয় মাস পর। তখন বিনিয়োগকারী সে বন্ডেরhttp://bonikbarta.net

চাহিদা ও সরবরাহের হিসাব মেলাতে ব্যস্ত সিরাজগঞ্জের তাঁতশিল্পীরা

ঈদুল ফিতর সামনে রেখে সিরাজগঞ্জের তাঁতপল্লীগুলোয় কর্মব্যস্ততা বেড়েছে। চাহিদা বেড়ে যাওয়ায় উৎপাদনও বাড়াতে হচ্ছে। আর তাই তাঁত মালিক ও শ্রমিকদের টানা কাজ করে যেতে হচ্ছে। ভোর থেকে গভীর রাত পর্যন্ত চলছে নজরকাড়া বাহারি শাড়ি, থ্রি-পিস, গামছা ও লুঙ্গি তৈরির কাজ। সংশ্লিষ্টরা জানিয়েছেন, ঈদ সামনে রেখে কার্যাদেশ বেড়ে গেছে। সময়মতো কাপড় সরবরাহের লক্ষ্যে বাড়তি শ্রম দিতে হচ্ছে। তবে ঘন ঘন লোডশেডিংয়ের কারণে কার্যক্রম ব্যাহত হচ্ছে। ঈদ পর্যন্ত এ ক'দিন নিরবচ্ছিন্ন বিদ্যুত্ সরবরাহ ও সুষ্ঠু বিপণন ব্যবস্থা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন তারা।সিরাজগঞ্জের তাঁতপল্লীগুলো ঘুরে দেখা গেছে, পুরুষদের পাশাপাশি নারী শ্রমিকরাও কাজ করছেন সমান তালে। নারীরা ঘরে সুতা পাকানো, রঙ করা ও শাড়ি প্রিন্টের কাজ করছেন। আর পুরুষ শ্রমিকরা তাঁতে শাড়ি, লুঙ্গি ও গামছা বুননে ব্যস্ত। পুরো পল্লীই এখন তাঁতের খট খট শব্দে মুখর। এখানকার তৈরি শাড়ি ও লুঙ্গি দেশের চাহিদা মিটিয়ে বিদেশেও রফতানি হচ্ছে। উত্সবের মৌসুমে দেশের বাজারে সিরাজগঞ্জে তৈরি তাঁতবস্ত্রের চাহিদা বেড়ে যায়। ঈদুল ফিতরও এর ব্যতিক্রম নয়।http://bonikbarta.net

বকেয়া পরিশোধের দাবিতে আন্দোলনে শ্রমিকরা

আনুষ্ঠানিকভাবে ঘোষণা না দিলেও খুলনায় বেসরকারি খাতের জুট স্পিনার্স মিল প্রায় এক বছর ধরে কার্যত বন্ধ রয়েছে। গত এপ্রিলের বকেয়া বিল পরিশোধ না করায় বিদ্যুত্ সংযোগও বিচ্ছিন্ন রয়েছে। শ্রমিকদের প্রায় ৪০ সপ্তাহের মজুরিসহ বিভিন্ন খাতে প্রায় ৬ কোটি টাকা বকেয়া পড়েছে। এ অবস্থায় শ্রমিকরা দাবি আদায়ে আন্দোলন কর্মসূচিতে নেমেছেন। গেল মে মাস থেকে বিক্ষোভ মিছিল, জনসভা, স্মারকলিপি প্রদানসহ নানা কর্মসূচি পালন করে আসছেন তারা।এদিকে জুট স্পিনার্স মিলকে ঘিরে অচলাবস্থা নিরসনের লক্ষ্যে গতকাল জেলা প্রশাসন ও শ্রমিকদের মধ্যে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে শ্রমিকদের পক্ষ থেকে জানানো হয়, আগামীকালের মধ্যে শ্রমিক-কর্মচারীদের বকেয়া পরিশোধ করা না হলে মিল মালিকের বিরুদ্ধে মামলা করা হবে। বকেয়া আদায়ে ওয়ারেন্ট জারি করে মালিককে ধরে আনা হবে। এছাড়া পাওনা পরিশোধের দাবিতে আজ বিক্ষোভ করার কথা রয়েছে শ্রমিকদের।http://bonikbarta.net

যুক্তরাষ্ট্রের সুপারমার্কেট খাতে যুদ্ধের আঁচ

যুক্তরাষ্ট্রের শীর্ষস্থানীয় খুচরা বিক্রেতা কোম্পানিগুলো বেশ কয়েক বছর ধরেই অনলাইন ও বিদেশী প্রতিযোগীদের বাজারে রুখতে প্রাণান্ত চেষ্টা করে যাচ্ছে। ঠিক এমন একটি সময়ে ১ হাজার ৩৪০ কোটি ডলারে অর্গানিক ফুড চেইন হোল ফুডসকে অধিগ্রহণ করার ঘোষণা দিয়েছে অ্যামাজন। এ খবরে গত শুক্রবার ওয়ালমার্ট, টার্গেট, ক্রোগার ও কস্টকোসহ যুক্তরাষ্ট্রের শীর্ষস্থানীয় গ্রোসারি রিটেইলার কোম্পানিগুলোর শেয়ারদরে পতন দেখা গেছে। বিশেষজ্ঞরা বলছেন, ঘটনার এখানেই সমাপ্তি হবে না, অ্যামাজন-হোল ফুডস একীভূত হলে এর সূত্র ধরে রীতিমতো 'সুপারমার্কেট যুদ্ধ' শুরু হয়ে যাবে। খবর নিউইয়র্ক টাইমস, গার্ডিয়ান ও এএফপি।অনলাইন শপিংয়ের জন্য বিখ্যাত অ্যামাজন ডট কমের রয়েছে বিশালাকৃতির ওয়্যারহাউজ, ক্রেতাদের তথ্য, সর্বাধুনিক প্রযুক্তি ও সুবিশাল তহবিল। অন্যদিকে হোল ফুডসের আছে শত শত আউটলেট। শক্তিশালী এ অস্ত্রগুলোর সহায়তায় যুক্তরাষ্ট্রের ৮০ হাজার কোটি ডলারের গ্রোসারি বাজার ঢেলে সাজানোর পরিকল্পনা করছে অ্যামাজন। এরই মধ্যে মার্কিন খুচরা বাজারে অনেক পরিবর্তন এসেছে।http://bonikbarta.net

চার সপ্তাহ ব্যবধানে ব্যারেলপ্রতি দাম কমল ৫ ডলার

আন্তর্জাতিক বাজারে টানা চার সপ্তাহ ধরে নিম্নমুখী প্রবণতা পার করছে অপরিশোধিত জ্বালানি তেলের দর। এর মধ্যে সর্বশেষ সপ্তাহে (১৬ জুন শেষ হয়) পণ্যটির দাম কমেছে ২ দশমিক ৬ শতাংশ। চার সপ্তাহের ব্যবধানে নিউইয়র্কে পণ্যটির দাম কমেছে ৫ ডলার ৬ সেন্ট। অন্যদিকে লন্ডনে একই সময়ের ব্যবধানে ব্যারেলে ৪ ডলার ৭৮ সেন্ট দাম কমেছে পণ্যটির। খবর মার্কেটওয়াচ।নিউইয়র্ক মার্কেন্টাইল এক্সচেঞ্জে (নিমেক্স) সর্বশেষ সপ্তাহে যুক্তরাষ্ট্রের বাজার আদর্শ ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েটের দাম কমেছে ২ দশমিক ৬ শতাংশ। এ নিয়ে টানা চার সপ্তাহ নিম্নমুখী প্রবণতা পার করল পণ্যটির দর। ২০১৫ সালের আগস্টের পর এই প্রথম টানা চার সপ্তাহ ধরে নিম্নমুখী রয়েছে পণ্যটির দর।বাজার পর্যবেক্ষণে দেখা যাচ্ছে, ২৬ মে শেষ হওয়া সপ্তাহে ডব্লিউটিআইয়ের দাম কমেছিল ১ দশমিক ৭ শতাংশ। একইভাবে ২ জুন শেষ হওয়া সপ্তাহে ৪ দশমিক

৩ ও ৯ জুন শেষ হওয়া সপ্তাহে ডব্লিউটিআইয়ের দাম কমেছিল ৩ দশমিক ৮ শতাংশ। চার সপ্তাহে পণ্যটির দাম কমেছে ১২ দশমিক ৪ শতাংশ।http://bonikbarta.net